



# মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড

## MEGHNA LIFE INSURANCE CO. LTD.

সূত্র : এমএলআই/প্রজ্ঞাপন/বিপণন ও উঃপ্রঃ/২০২৩-৪৪৮

তারিখ : ০১/০১/২০২৩

জীবন বীমা পলিসি বিপণন সংক্রান্ত ফিন্যান্সিয়াল এসোসিয়েট (FA) কমিশন শিডিউল-২০২৩

(ক) মূল প্রিমিয়ামের উপর ফিন্যান্সিয়াল এসোসিয়েট (FA)-কে প্রদেয় কমিশন :

১। মূল জীবন বীমা পলিসি [সাময়িক ঝুঁকি (Term life) জীবন বীমা পলিসি ব্যতীত] :

বীমার মেয়াদ (বছর)	মূল প্রিমিয়ামের উপর ফিন্যান্সিয়াল এসোসিয়েট (FA) এর ক্ষেত্রে প্রদেয় কমিশনের হার		
	১ম পলিসি বছর	২য় পলিসি বছর	৩য় এবং তৎপরবর্তী পলিসি বছর
০৫	১০%	৫%	২%
০৬	১২%	৫%	৫%
০৭	১৪%	১০%	৫%
০৮	১৬%	১০%	৫%
০৯	১৮%	১০%	৫%
১০ হতে ১১	২২%	১০%	৫%
১২ হতে ১৪	২৫%	১০%	৫%
১৫ হতে ১৯	৩২%	১০%	৫%
২০ হতে তদুর্ধ্ব	৩৫%	১০%	৫%

- ২। i) প্রথম বর্ষ সহযোগী বীমার প্রিমিয়ামের উপর ২০% কমিশন প্রদান করা হবে।
- ii) পেশাগত ও অন্যান্য কারণে আরোপিত অতিরিক্ত প্রিমিয়ামের উপর কোন কমিশন প্রযোজ্য হবেনা।
- iii) একক (Single) প্রিমিয়াম প্রদান বীমা পরিকল্প (পরিকল্প নং ১৭ ও ৬৭) এর ক্ষেত্রে শুধুমাত্র ফিন্যান্সিয়াল এসোসিয়েট (FA)-দের কে বীমার মেয়াদ নির্বিশেষে প্রদেয় কমিশন হার হবে ৩%।
- iv) পলিসি বর্ষ নির্বিশেষে গোষ্ঠী বীমা (Group Bima)-এর উপর প্রদেয় কমিশন হার হবে ১২.৫০%।
- (খ) প্রথম বছরে মূল প্রিমিয়ামের উপর প্রদেয় উৎসাহ বোনাস :

যোগ্যতা : প্রথম বছরে অর্জিত মোট ১ম বর্ষ মূল কমিশন	প্রাপ্ত ১ম বর্ষ মূল কমিশনের উপর প্রদেয় হার
২০,০০০/- টাকা বা তার অধিক কিন্তু ৫০,০০০ টাকার কম অংকের উপর	১০%
৫০,০০০/- টাকা বা তার অধিক কিন্তু ১,০০,০০০ টাকার কম অংকের উপর	২০%
১,০০,০০০/- টাকা এবং তার অধিক অংকের উপর	৩০%

বিঃদ্রঃ প্রথম বছর শেষে সম্পাদিত হিসাবের ভিত্তিতে উৎসাহ বোনাস প্রদান করা হবে। বর্ধিত উৎসাহ বোনাস প্রাপ্তির ক্ষেত্রে সক্রিয় হিসেবে কর্মরত থাকতে হবে অর্থাৎ সংশ্লিষ্ট প্রথম বছরের পূর্ববর্তী বছরে কমপক্ষে ১১টি পলিসি বিক্রয়ের মাধ্যমে প্রথম বছর মূল প্রিমিয়ামের কমিশন বাবদ ন্যূনতম ২০,০০০/- টাকা কমিশন অর্জন করতে হয়।

চলমান পাতা-২



# মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড

## MEGHNA LIFE INSURANCE CO. LTD.

পাতা-২

(গ) দ্বিতীয় বছর চালু পলিসির উপর ভিত্তি করে প্রদেয় সংরক্ষণ বোনাস :

যোগ্যতা : ২য় বছরে নবায়নকৃত পলিসির সংরক্ষণ হার	২য় বর্ষ নবায়ন কমিশনের উপর প্রদেয় হার
৭০% বা তার অধিক কিন্তু ৮০% এর কম	১০%
৮০% বা তার অধিক কিন্তু ৯০% এর কম	১২.৫০%
৯০% বা তার অধিক	১৫%

বিঃদ্রঃ প্রকর্ম বছর শেষে সম্পাদিত হিসাবের ভিত্তিতে সংরক্ষণ বোনাস প্রদান করা হবে। বর্ষিত সংরক্ষণ বোনাস প্রাপ্তির ক্ষেত্রে সক্রিয় হিসেবে কর্মরত থাকতে হবে।

(ঘ) নবায়ন সংরক্ষণ হার :

সংরক্ষণ হার =  $\frac{\text{প্রকর্ম বছরের অব্যবহিত পূর্ববর্তী দুই বছরে ইস্যুকৃত পলিসির মধ্যে প্রকর্ম বছর শেষে নবায়নকৃত চালু পলিসির সংখ্যা}}{\text{প্রকর্ম বছরের অব্যবহিত পূর্ববর্তী দুই বছরে ইস্যুকৃত নবায়নযোগ্য নতুন পলিসির সংখ্যা}} \times 100$

(ঙ) Active ফিন্যান্সিয়াল এসোসিয়েটে (FA) এর যোগ্যতা (Status) :

নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ হওয়া সাপেক্ষে ফিন্যান্সিয়াল এসোসিয়েটে (FA)-দেরকে সক্রিয় (Active) হিসেবে গণ্য করা হবে।

(১) সংশ্লিষ্ট প্রকর্ম বছরে অন্ততঃ ১১টি নতুন পলিসি বিক্রয়ের মাধ্যমে প্রথম বছর কমিশন বাবদ কমপক্ষে ২০,০০০/- টাকা অর্জন করতে হবে।

(২) নবায়ন সংরক্ষণ বোনাস অর্জন করতে হবে।

এতদ্বারা ইতোপূর্বে কোম্পানীর সকল ডিভিশনের সকল ধরনের জীবন বীমা পলিসি বিপণনের উদ্দেশ্যে ০১/০৯/২০২১ তারিখে (সূত্র : এমএলআই/প্রঃকাঃ/বিপণন ও উঃপ্রঃ/২০২১-৩১৩৪) ইস্যুকৃত ফিন্যান্সিয়াল এসোসিয়েটে (FA)-এর কমিশন শিডিউল বাতিল করা হলো। ফিন্যান্সিয়াল এসোসিয়েটে (FA)-এর জন্য ইস্যুকৃত এই কমিশন শিডিউল কোম্পানীর সকল ডিভিশনে জানুয়ারি ২০২৩ থেকে কার্যকর হবে।

এন. সি. রুদ্র

মুখ্য নির্বাহী কর্মকর্তা